রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

২০১৮-২০১৯ অর্থবছরের প্রয়াস
শ্রেণীকৃত ঋণ করবো হ্রাস।

ফোন: ০২৪৭-৮৬০৫২৯
Email: dgmlad2@rakub.org.bd
Web : www.rakub.org.bd

ঋওঅবি-২ সার্কুলার নং-০১/২০১৯

তারিখ : ২৯.০১.২০১৯

বিষয়: নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব খাতে ঋণ প্রদানের জন্য বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তিকরণ প্রসংগে।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ঋণ ও অগ্রিম বিভাগ-২ থেকে নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব খাতে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ প্রদানের নীতিমালা বিষয়ক পরিপত্র নম্বর ০২/২০১৩, তারিখ ৩০.০৭.২০১৩ জারী করা হয়। উক্ত পরিপত্রে নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে ঋণ বিতরণের জন্য ১৮টি প্রোডাক্ট অন্তর্ভুক্ত ছিল। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডির্পাটমেন্ট থেকে ২০.০৫.২০১৪ ও ১৮.০৮.২০১৪ তারিখে জারীকৃত জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০১ ও সার্কুলার লেটার নং-০২ এর মাধ্যমে এ খাতে ঋণ বিতরণের জন্য আরও ২৯টি প্রোডাক্ট অন্তর্ভুক্ত করা হয়। তৎপ্রেক্ষিতে স্কীমের আওতায় মোট প্রোডাক্টের সংখ্যা ৪৭টিতে উন্নীত হয়। সে প্রেক্ষিতে এ বিভাগ থেকে পূর্বের সার্কুলার/সার্কুলার লেটার বাতিলপূর্বক গত ০২.০৯.২০১৪ তারিখে পরিপত্র নং ১/২০১৪ জারী করে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়। বর্তমানে উক্ত সার্কুলার অনুযায়ী এ ব্যাংকের বিভিন্ন শাখা পরিবেশবান্ধব খাতে ঋণ প্রদান করছে। পরিবেশবান্ধব খাতে ঋণ বিতরণ কয়েক বছর পূর্বে শুরু হলেও এ খাতে ঋণ প্রদানে তেমন অগ্রগতি হয়নি। এ ব্যাংক থেকে পরিবেশবান্ধব খাতের প্রধানত চারটি প্রোডাক্ট যথা ১. সোলার প্যানেল, ২. বায়োগ্যাস প্ল্যান্ট, ৩. কেঁচো-কম্পোষ্ট সার এবং ৪. উন্নত প্রযুক্তির ইটভাটা খাতে ঋণ প্রদান সীমিত রয়েছে।

০২। প্রচলিত নিয়মে পরিবেশবান্ধব খাতের ঋণগ্রহিতাগণ উন্মুক্ত পদ্ধতিতে সরবরাহকারীর মাধ্যমে এ ঋণের ব্যবহার্য উপকরণ সরবরাহ নিয়ে থাকেন। এতে বিষয়টি অনেক সময়সাপেক্ষ ও বেশ জটিল হয়। ফলে এসব খাতে ঋণ প্রবাহ গতিশীল করার জন্য উপকরণ সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্ত করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এ বিষয়ে গত ১০.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৮৭তম সভায় একটি নীতিমালা অনুমোদন করা হয়। ফলে এখন থেকে উন্মুক্ত পদ্ধতির পাশাপাশি ব্যাংকের তালিকাভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের মাধ্যমেও বায়োগ্যাস প্ল্যান্ট ও সোলার সিস্টেম ঋণ বিতরণ করা যাবে। এ উদ্দেশ্যে তালিকাভুক্তির জন্য আমদানিকারক/সরবরাহকারী প্রতিষ্ঠান/কোন ব্যক্তিকে আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র/ দলিলাদি দাখিল করতে হবে তা নিম্নরুপ :

(১) কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং আর্টিকেলস অব এ্যাসোসিয়েশন।
(২) কোম্পানির ক্ষেত্রে জয়েন্ট স্টক কোম্পানি কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন।
(৩) পার্টনারশীপ ফার্মের বেলায় রেজিস্টার্ড পার্টনারশীপ ডীড।
(৪) ট্রেড লাইসেন্স।
(৫) আয়কর পরিশোধ সনদপত্র।
(৬) যে সকল বায়োগ্যাস প্ল্যান্ট/ সোলার সিস্টেম সরবরাহ করা হবে তার তালিকা [মেক, মডেল ইত্যাদি সহ]।
(৭) আমদানিকারকদের অভিজ্ঞতা যাচাই এর জন্য ইতোপূর্বে আমদানিকৃত ও সরবরাহকৃত বায়োগ্যাস প্ল্যান্ট/ সোলার সিস্টেম আমদানির ক্ষেত্রে এলসিসমূহের কপি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র।
(৮) ইমপোর্ট লাইসেন্স।
(৯) সরবরাহকারীদের ক্ষেত্রে ইতোপূর্বে সরবরাহকৃত বায়োগ্যাস প্ল্যান্ট/ সোলার সিস্টেম সরবরাহের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে অভিজ্ঞতার সনদ পত্র।
(১০) উপরোক্ত কাগজপত্রাদি সংযুক্তি করে কোম্পানি/প্রতিষ্ঠান এর নিজস্ব প্যাডে তালিকাভুক্তির জন্য আবেদন পত্র।

চলমান পৃষ্ঠা-০২

৩। পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালার রূপরেখা নিম্নরূপ :

(ক) বায়োগ্যাস প্ল্যান্ট :

১. বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণকারী প্রতিষ্ঠান হিসেবে যে কোন সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ (পাঁচ) বছর পূর্বে নিবন্ধন বা চুক্তিপত্র থাকতে হবে।

২. বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণ কাজে যে কোন সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে একক কার্যাদেশে কমপক্ষে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার কার্যাদেশ থাকতে হবে।

৩. সমগ্র বাংলাদেশে ইতিপূর্বে কমপক্ষে ৫০০টি বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের অভিজ্ঞতা থাকতে হবে, তম্মধ্যে এ প্রতিষ্ঠানের কার্য-এলাকা তথা রাজশাহী ও রংপুর বিভাগে কমপক্ষে ১০০টি বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণ এবং বিক্রয়োত্তর সেবা প্রদানের অভিজ্ঞতা থাকতে হবে।

৪. যে কোন সাইজ এবং মডেলের বায়োগ্যাস প্ল্যান্ট ডিজাইন, প্রাক্কলন, প্রস্তুতকরণ, নির্মাণ, তদারকি এবং বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় কারিগরী দক্ষতা ও অভিজ্ঞতা সম্পন্ন লোকবল থাকতে হবে।

৫. ব্যাংকের কার্য-এলাকার মধ্যে যে কোন স্থানে বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণ, তদারকি ও বিক্রয়োত্তর গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য লোকবল এবং স্থানীয় কার্যালয় থাকতে হবে।

৬. বায়োগ্যাস প্ল্যান্টের বিভিন্ন যন্ত্রাংশ/এক্সেসরিজ/এ্যাপ্ল্যায়েন্স প্রস্তুত করার নিজস্ব ফ্যাক্টরী থাকলে ঐ সকল প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।

৭. নিজস্ব ব্যবস্থাপনায় বায়োগ্যাস প্ল্যান্টের গ্রাহক নির্বাচন, যাচাই-বাছাই করণ, বায়োগ্যাস সম্পর্কে গ্রাহককে ধারণা প্রদান এবং ন্যূনতম ৬ (ছয়) মাসের বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করতে হবে।

৮. বায়োগ্যাস প্ল্যান্ট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে গ্রাহককে প্রশিক্ষণ দিতে হবে এবং এ বিষয়ে অপারেশনাল ম্যানুয়েল/ব্যবহারবিধি সরবরাহ করতে হবে।

৯. বায়োগ্যাস এবং বায়োগ্যাস প্ল্যান্ট বিষয়ে ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

১০. তালিকাভুক্তির জন্য নিরাপত্তা জামানত হিসেবে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যাংকে সুদবিহীনভাবে জমা রাখতে হবে, যা তালিকাভুক্তি বাতিল হওয়ার এক মাসের মধ্যে ফেরতযোগ্য। এছাড়াও প্রতি বছর ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি জমা দিয়ে তালিকাভুক্তি নবায়ন করতে হবে।

(খ) সোলার সিস্টেম :

১. সৌরবিদ্যুৎ সিস্টেম স্থাপনকারী প্রতিষ্ঠান হিসেবে যে কোন সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ (পাঁচ) বছর পূর্বে নিবন্ধন বা চুক্তিপত্র থাকতে হবে।

২. যে কোন নবায়নযোগ্য শক্তি বিপণন/সরবরাহ কাজে যে কোন সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে একক কার্যাদেশে কমপক্ষে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার কার্যাদেশ থাকতে হবে।

৩. সমগ্র বাংলাদেশে ইতিপূর্বে কমপক্ষে ৫০০টি সৌরবিদ্যুৎ স্থাপন কাজের অভিজ্ঞতা থাকতে হবে, তম্মধ্যে এ প্রতিষ্ঠানের কার্য-এলাকা তথা রাজশাহী ও রংপুর বিভাগে কমপক্ষে ১০০টি সৌরবিদ্যুৎ স্থাপন কাজের এবং বিক্রয়োত্তর সেবা প্রদানের অভিজ্ঞতা থাকতে হবে।

৪. যে কোন সাইজের সৌরবিদ্যুৎ সিস্টেম ডিজাইন, প্রাক্কলন, প্রস্তুতকরণ, নির্মাণ, স্থাপন এবং বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় কারিগরী দক্ষতা ও অভিজ্ঞতা সম্পন্ন লোকবল থাকতে হবে।

৫. ব্যাংকের কার্য-এলাকার মধ্যে যে কোন স্থানে সৌরবিদ্যুৎ সিস্টেম স্থাপন, তদারকি ও বিক্রয়োত্তর গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য লোকবল এবং স্থানীয় কার্যালয় থাকতে হবে।

৬. সৌরবিদ্যুৎ সিস্টেমের বিভিন্ন যন্ত্রাংশ/এক্সেসরিজ/এ্যাপ্ল্যায়েন্স প্রস্তুত করার নিজস্ব ফ্যাক্টরী থাকলে ঐ সকল প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।

৭. নিজস্ব ব্যবস্থাপনায় সৌরবিদ্যুৎ সিস্টেমের গ্রাহক নির্বাচন, যাচাই-বাছাই করণ, সৌরবিদ্যুৎ সম্পর্কে গ্রাহককে ধারণা প্রদান এবং ন্যূনতম ৬ (ছয়) মাসের বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করতে হবে।

৮. সৌরবিদ্যুৎ সিস্টেম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে গ্রাহককে প্রশিক্ষণ দিতে হবে এবং এ বিষয়ে অপারেশনাল ম্যানুয়েল/ব্যবহারবিধি সরবরাহ করতে হবে।

৯. সৌরবিদ্যুৎ সিস্টেম বিষয়ে ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

১০. তালিকাভুক্তির জন্য নিরাপত্তা জামানত হিসেবে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যাংকে সুদবিহীনভাবে জমা রাখতে হবে, যা তালিকাভুক্তি বাতিল হওয়ার এক মাসের মধ্যে ফেরতযোগ্য। এছাড়াও প্রতি বছর ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি জমা দিয়ে তালিকাভুক্তি নবায়ন করতে হবে।

০৪। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ কর্তৃক তালিকাভুক্ত আমদানিকারক/ সরবরাহকারী প্রতিষ্ঠান/ ব্যক্তি এর নাম, তালিকাভুক্তির মেয়াদ, পণ্যের মেক-মডেল, ক্যাপাসিটি ও মূল্য তালিকা, সময়ে সময়ে সার্কুলার লেটার/ পত্রাকারে মাঠ পর্যায়ে জানিয়ে দেয়া হবে।

০৫। এমতাবস্থায়, বায়োগ্যাস প্ল্যান্ট/ সোলার সিস্টেম খাতে প্রচলিত উন্মুক্ত পদ্ধতির পাশাপাশি ব্যাংকের তালিকাভুক্ত সরবরাহকারীর মাধ্যমে ঋণ প্রদান কার্যক্রম গতিশীল করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হলো।

অনুমোদনক্রমে-

২৯।০১।১৯

(মোঃ আমিনুল হক)
উপ- মহাব্যবস্থাপক
(অতিরিক্ত দায়িত্ব)

প্রকা/ঋওঅবি-২/১১৩/২০১৮-২০১৯/৩১৭(৪৫১) তারিখ : ২৯.০১.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/ইউনিট ও সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি/মহানথি।

২৯.০১.২০১৯
(শামীমা ফেরদৌস শিমুল)
সহকারী মহাব্যবস্থাপক